# 3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

6534

## Course: BENG4013 (MAJOR)

## (ছন্দ ও অলংকার)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ছেদ ও যতির পার্থক্য বুঝিয়ে দাও।

(খ) ছন্দে লয় কতপ্রকার ও কী কী?

(গ) মুক্তদল ও রুদ্ধদল কাকে বলে উদাহরণ-সহ লেখো।

(ঘ) 'কালিদাস' শব্দটিতে ক-টি দল (Syllable) আছে? কী কী?

(ঙ) 'শ্বাসাঘাত' বা 'প্রস্বর' কাকে বলে? কোন রীতির ছন্দে এই শ্বাসাঘাত পড়তে দেখা যায়?

(চ) 'অতিপর্ব' কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ছ) প্রবহমান পয়ার কয়প্রকার ও কী কী?

(জ) কোন ছন্দের শোষণশক্তি সর্বাধিক? সেই ছন্দের একটি বিকল্প নাম লেখো।

(ঝ) শব্দালংকার ও অর্থালংকারের দুটি পার্থক্য লেখো।

(ঞ) একটি পূর্ণোপমা অলংকারের দৃষ্টান্ত দিয়ে তার অঙ্গগুলি নির্দেশ করো।

(ট) "তুমি অচপল দামিনী"— কী অলংকার বুঝিয়ে দাও।

(ঠ) ব্যতিরেক অলংকার কয়প্রকার ও কী কী?

(ড) নিন্দার ছলে প্রশংসা ও প্রশংসার ছলে নিন্দা বোঝালে কোন অলংকার হয়? একটি উদাহরণ দাও।

(ঢ) "মাটির ভয়ে রাজ্য হবে মাটি"—কোন অলংকার বুঝিয়ে দাও।

(ণ) উদাহরণের সাহায্যে কাকুবক্রোক্তি অলংকারের বৈশিষ্ট্য বোঝাও।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মাত্রা কাকে বলে? বিভিন্ন প্রকার ছন্দে মাত্রাগণনার বিভিন্ন রীতি সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত-সহ আলোচনা করো।

(গ) অপহ্নুতি ও সন্দেহ অলংকারের পার্থক্যের দিকগুলি উদাহরণের সাহায্যে স্পষ্ট করো।

(ঘ) বিষম ও অসংগতি অলংকারের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

(ঙ) যে-কোনো একটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো :

(অ) নীরবে দেখাও অঙ্গুলি তুলি'
অকূল সিন্ধু উঠিছে আকুলি'
দূরে পশ্চিমে ডুবিছে তপন
গগন-কোণে।

(আ) ঘৃণা করো যে-লোকটাকে
শুধুই বলো ছি-ছি,
আবার তুমি কেন তাকে
ডাকলে মিছিমিছি?

(চ) ব্যাখ্যা-সহ যে-কোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো :

(অ) নামে সন্ধ্যা তন্দ্রালসা, সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।

(আ) পড়ুক দুফোঁটা অশ্রু জগতের পরে
যেন দুটি বাল্মীকির শ্লোক।

৩। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=১০

(ক) মিশ্র কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদারহণ-সহ আলোচনা করো।

(খ) অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে? এই ছন্দের সাধারণ লক্ষণগুলি উপযুক্ত দৃষ্টান্তের সাহায্যে স্পষ্ট করো।

৪। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

(ক) অনুপ্রাস কাকে বলে? উদাহরণ-সহ অনুপ্রাসের বিভিন্ন শ্রেণির পরিচয় দাও।

(খ) রূপক অলংকারের বিশেষত্বের পরিচয় দিয়ে নিরঙ্গ রূপক ও সাঙ্গ রূপকের পার্থক্য উপযুক্ত দৃষ্টান্ত-সহ বুঝিয়ে দাও।

---